দৈনিক সংবাদ

তারিখ 03. OCT. 1996
পৃষ্ঠা ৭ কলাম ৬

08

# এমপিও ভুক্ত শূন্য পদে নিয়োগদানে কোন নিষেধাজ্ঞা নেই

গতকাল বুধবার এক সরকারি তথ্য বিবরণীতে বলা হয় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নতুন শাখা ও বিষয় খোলা এবং এ উদ্দেশ্যে পদ সৃষ্টি এবং উক্ত পদে নিয়োগ নিয়ন্ত্রণহীনভাবে চলছিল। প্রতিবছর বিপুলসংখ্যক নতুন পদ সৃষ্টি হচ্ছিল এবং নতুন পদে নিয়োজিত জনবলের জন্য এমপিও প্রদান করা হচ্ছিল। বিভিন্ন তদন্তে ধরা পড়ে যে, অনেক ক্ষেত্রেই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রয়োজনীয় সংখ্যক ছাত্র নেই। সৃষ্ট নতুন পদে এমপিও প্রদানের ফলে বরাদ্দকৃত বাজেটে ঘাটতি পড়ার আশংকা সৃষ্টি হয়।

এমতাবস্থায়, কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নতুন শাখা, বিষয় খোলার জন্য এবং এ উদ্দেশ্যে নতুন পদ সৃষ্টি করার জন্য মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণের প্রয়োজনীয়তা আরোপ করা হয়েছে। কিন্তু বর্তমানে এমপিও ভুক্ত কোন কোন পদ কোন কারণে শূন্য হলে সংশ্লিষ্ট পদে জনবল নিয়োগে কোন বাধা নেই বা কোন নিষেধাজ্ঞা আরোপ করা হয়নি।

নতুন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এমপিও প্রদান বন্ধ রাখা হয়নি। মন্ত্রণালয় হতে প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে বিপুলসংখ্যক আবেদনপত্র মন্ত্রণালয়ে পাওয়া যায়। এগুলো বিভিন্ন শর্তের আলোকে বাছাই করা সময়সাপেক্ষ বিধায় নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করা ও এমপিও'র জন্য নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের তালিকা প্রকাশ কিছু দিন বিলম্বিত হবে।